

বিশ্ব শিক্ষক দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে উপজেলা কমিটির সভার কার্য বিবরণী।

সভাপতি : জনাব পলাশ মন্ডল
উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর মেহেরপুর।

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।

তারিখ : ১৫/০৯/২০২৫ খ্রিঃ, সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভার উপস্থিতি পরিশিষ্ট- "ক" তে

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুজিবনগর, মেহেরপুর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পত্র স্মারক নং-৩৭.০০.০০০০.১০১.৯৯.০১১.২৩-৪৩৯৫/৯, তাং-০৩/০৯/২০২৫ খ্রি. পাঠ করে শোনান। অতঃপর আলোচ্য সূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রমিক	বিষয়	গৃহীত সিদ্ধান্ত সমূহ	বাস্তবায়নে
০১	তারিখ ও সময় নির্ধারণ	জাতীয়ভাবে নির্ধারিত আগামী ০৫/১০/২০২৫ খ্রি. তারিখে বিশ্ব শিক্ষক দিবস উদযাপন এর সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা বিশ্ব শিক্ষক দিবস উদযাপন কমিটি
০২	উপজেলার প্রতিটি পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের বিশ্ব শিক্ষক দিবস উদযাপন	প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আগামী ০৫/১০/২০২৫ খ্রি. তারিখে সুবিধা জনক সময়ে বিশ্ব শিক্ষক দিবস জাকজমকভাবে উদযাপন এর সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল প্রতিষ্ঠান প্রধানগণ
০৩	উপজেলা পর্যায়ের বিশ্ব শিক্ষক দিবস উদযাপন	উপজেলা পর্যায়ে বিশ্ব শিক্ষক দিবস পালনের লক্ষ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ (চার) জন করে শিক্ষক উপজেলা পর্যায়ে অংশগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
০৪	গুণী শিক্ষক মনোনয়ন	কমিটি কর্তৃক গুণী শিক্ষক মনোনয়ন সম্পূর্ণকরণ ও উর্দ্ধতন কর্তৃপক্ষকে প্রেরণ	উপজেলা বিশ্ব শিক্ষক দিবস উদযাপন কমিটি
০৫	র্যালী ও আলোচনা সভা	আগামী ০৫/১০/২০২৫ খ্রি. তারিখে বেলা ১০.৩০ মি. বিশ্ব শিক্ষক দিবস এর র্যালী ও পরবর্তিতে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভার সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও প্রতিষ্ঠান প্রধানগণ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ
(পলাশ মন্ডল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
বিশ্ব শিক্ষক দিবস ২০২৫ উদযাপন কমিটি
মুজিবনগর, মেহেরপুর।

স্মারক নং-উমাশিঅ/মুজিব/২০৫(ক)

তারিখ: ১৫/০৯/২০২৫ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো :

- ০১। জেলা প্রশাসক, মেহেরপুর
- ০২। জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর।
- ০৩। অধ্যক্ষ, প্রধান শিক্ষক, সুপার, মুজিবনগর, মেহেরপুর (সকল)।
- ০৪। অফিস কপি।

(মোঃ মামুন উদ্দিন আল আজাদ)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(ভাঃপ্রঃ)
মুজিবনগর, মেহেরপুর।